

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
আইসিটি অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নং-০৪.২৩০.০৩২.০০.০০.০০১.২০১০-১৫০

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪১৭  
১৯ মে ২০১০

বিষয়ঃ সরকারী কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড-এর ব্যবহার শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় তথ্য ব্যবস্থাপনা কমিটির ১৮-৪-২০১০ তারিখের ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারী কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণসহ সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধিন্ত দপ্তরসমূহে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড-এর ব্যবহার শুরু করার তাগিদ রয়েছে। সেমতে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধিন্ত দপ্তরসমূহে নিকষ ফন্ট-এর জরুরী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নে বর্ণিত ওয়েবসাইটসমূহ থেকে সফটওয়্যারসমূহ ডাউনলোড করতঃ কম্পিউটারে ইন্সটল করা প্রয়োজনঃ

০১.	নিকষ ফন্ট	Download Site <a href="http://www.ecs.gov.bd/Bangla/">http://www.ecs.gov.bd/Bangla/</a>
০২.	নিকষ ইউনিকোড কনভার্টার	Download Site <a href="http://www.ecs.gov.bd/Bangla/">http://www.ecs.gov.bd/Bangla/</a>

২। বর্ণিত অবস্থার আলোকে সরকারী কাজে কম্পিউটারে বাংলা ব্যবহারে দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ কায়সারুল ইসলাম)  
উপসচিব  
ফোনঃ ৭১৭২১৯৫

বিতরণ কার্যার্থেঃ

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।

জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।

২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

৩। অতিরিক্ত সচিব (প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।